



দিশা'য় নিয়োগ বিজ্ঞপ্তি

ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভান্সমেন্ট (দিশা) জাতীয় পর্যায়ে একটি বেসরকারি উন্নয়ন সংস্থা (এমআরএ সনদ নং-০১৩০৬-০০৪৮০-০০০২৪) বিগত ৩২ বছর যাবৎ দায়িত্ব বিমোচনে ক্ষুদ্রঋণ এবং অন্যান্য উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি বর্তমানে দেশের ১৯ টি জেলায় ১০৭ টি শাখার মাধ্যমে দরিদ্র জনসাধারণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে “ক্ষুদ্রঋণ কার্যক্রম” পরিচালনা করছে। বর্তমানে ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের যে কোন অঞ্চলে গ্রামীণ জনগোষ্ঠির সাথে কাজ করতে আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত পদে নিয়োগ করা হবে। নির্বাচিত প্রার্থীদের সরাসরি মাঠ পর্যায়ে অবস্থান করে গ্রামীণ জনগোষ্ঠির মধ্যে ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করতে হবে। **যোগ্যতা, বয়স ও বেতন-ভাতা সংক্রান্ত ছক-০১ :-**

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও সর্বোচ্চ বয়স সীমা	বেতন ও ভাতাদি		
				প্রশিক্ষণকাল ১ মাস	শিক্ষানবীশ কাল ৫ মাস	৬ মাস পর স্থায়ীকরণ হলে
০১	এরিয়া ম্যানেজার (এসপিও-০৩)	১০ জন	স্নাতক/স্নাতকোত্তরসহ সংশ্লিষ্ট পদে ৩ (তিন) বছরসহ ঋণ কার্যক্রমে মোট ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা এবং বয়স সর্বোচ্চ ৪৫ বছর	৪০,০০০/-	৪২,০০০/-	৪৭,৫০০/-
০২	মনিটরিং কর্মকর্তা (পিও-০১)	১০ জন	স্নাতক/স্নাতকোত্তরসহ কোন সুপ্রতিষ্ঠিত মাইক্রোফাইন্যান্স সংস্থায় মনিটরিং কার্যক্রমে ন্যূনতম ২ (দুই) বছরসহ মোট ০৬ (ছয়) বছর চাকুরীর অভিজ্ঞতা এবং বয়স সর্বোচ্চ ৪০ বছর	৩৬,০০০/-	৩৮,০০০/-	৪২,৫০০/-
০৩	শাখা ব্যবস্থাপক (পিও-০৩)	৫০ জন	স্নাতক/স্নাতকোত্তরসহ সংশ্লিষ্ট পদে ২ (দুই) বছরসহ ঋণ কার্যক্রমে মোট ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং বয়স সর্বোচ্চ ৪০ বছর	৩২,০০০/-	৩৪,০০০/-	৩৮,৫০০/-
০৪	সহকারী শাখা ব্যবস্থাপক-কাম-হিসাবরক্ষক (এসসিও)	১০০ জন	বাণিজ্যে স্নাতকোত্তর ও বয়স সর্বোচ্চ ৩৫ বছর সংশ্লিষ্ট পদে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।	২২,০০০/-	২৪,০০০/-	২৭,৫০০/-

যোগ্যতা, বয়স ও বেতন-ভাতা সংক্রান্ত ছক -০২ :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও সর্বোচ্চ বয়স সীমা	বেতন ও ভাতাদি		
				প্রশিক্ষণকাল ১ মাস	শিক্ষানবীশ কাল ৬ মাস	৬ মাস পর স্থায়ীকরণ হলে
০৫	সিনিয়র ক্রেডিট অফিসার (গ্রেড-০৩)	মোট ৩০০ জন	স্নাতকোত্তর ও বয়স ২৪-৩৫ বছর	১৯,০০০/-	২১,৫০০/-	২৬,২২০/-
০৬	ক্রেডিট অফিসার (গ্রেড-০১)		স্নাতক (সম্মান) ডিগ্রী ও বয়স ২৪-৩৫ বছর	১৮,০০০/-	২০,৫০০/-	২৫,৪০০/-
০৭	ক্রেডিট অফিসার (গ্রেড-০২)		স্নাতক/সম্মান ও বয়স ২৪-৩৫ বছর	১৭,০০০/-	১৯,৫০০/-	২৪,১৪০/-
০৮	ক্রেডিট অফিসার (গ্রেড-০৩)		এইচএসসি/সম্মান পাশ ও বয়স ২৪-৩৫ বছর	১৬,০০০/-	১৮,৫০০/-	২৩,০৬০/-

সংস্থায় কর্মীদের জন্য পিএফ, পিএফ এর বিপরীতে ঋণের সুবিধা, স্থায়ীকরণের ৫ (পাঁচ) বছর পর থেকে গ্রাচুইটি, বছরে ২০ দিন স্ব-বেতনে অর্জিত ছুটি, চিকিৎসা ও বীমা সুবিধা, বছরে ২ টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা, লং সার্ভিস বেনিফিট, বিবাহভাতা, মোবাইল বিল, বাই-সাইকেল/মোটর সাইকেল মেরামত, মহিলা কর্মীদের জন্য বিশেষ যাতায়াত ভাতা, স্ববেতনে ৬ (ছয়) মাস মাতৃকালীন ছুটি, স্ববেতনে পিতৃকালীন ৭ (সাত) দিন ছুটি, বছরে ১২ দিন স্ববেতনে নৈমিত্তিক ছুটি, বছরে ১৫ দিন স্ববেতনে মেডিকেল ছুটি, বদলীকালীন পরিবারসহ বাসস্থান স্থানান্তর খরচ, স্বল্প মূল্যে আবাসন সুবিধা এবং অন্যান্য সুযোগ সুবিধা বিদ্যমান (যেমন, কাজের মূল্যায়নের ভিত্তিতে বিভিন্ন ধরনের প্রণোদনা ও পদোন্নতি)। আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র (NID) এর ফটোকপি, সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি, বৈধ ড্রাইভিং লাইসেন্সের কপি (প্রয়োজ্য ক্ষেত্রে) ও মোবাইল নাম্বারসহ দরখাস্ত আগামী ১১.০৫.২০২৬ তারিখের মধ্যে পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) দিশা, ই/১০, বর্ধিত পল্লবী, মিরপুর সাড়ে এগার, ঢাকা-১২১৬ এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। শর্তাবলীঃ

১। ক্রমিক নং ০১ থেকে ০৪ এ নির্বাচিত প্রার্থীদের কম্পিউটারে কাজের দক্ষতা থাকা আবশ্যিক।

২। ক্রমিক নং ০১ থেকে ০৪ এ নির্বাচিত প্রার্থীদের দায়িত্ব পালনের জন্য অবশ্যই মোটর সাইকেল ব্যবহার করতে হবে এবং বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। উক্ত ৪ (চার) পদে নির্বাচিত প্রার্থীদের প্রয়োজনে মোটর সাইকেল ঋণ প্রদান করা হবে এবং প্রতি কিলোমিটার ৪.০০ টাকা হারে জ্বালানী বিল দেয়া হবে। ক্রমিক নং- ০৫-০৮ এ নির্বাচিত প্রার্থীদের মাঠ পর্যায়ে দায়িত্ব পালনের জন্য অবশ্যই বাই-সাইকেল/মোটর সাইকেল ব্যবহার করতে হবে।

৩। যোগদানের সময় ফেরতযোগ্য জামানত বাবদ ১ নং ক্রমিকের প্রার্থীদের ২০,০০০/- টাকা ও ০২ থেকে ০৪ নং ক্রমিকের প্রার্থীদের ১৫,০০০/- টাকা এবং ০৫ হতে ০৮ নং ক্রমিকের প্রার্থীদের ১০,০০০/- টাকা জমা প্রদান করতে হবে।

৪। যোগদানের সময় সকল পদে নির্বাচিত প্রার্থীদের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নির্ধারিত নিশ্চয়তাকারী কর্তৃক নিশ্চয়তা দিতে হবে যিনি প্রয়োজনে প্রার্থীর সকল আর্থিক দায়-দায়িত্ব বহন করবেন। যোগদানের পর কমপক্ষে ২ (দুই) বছর চাকুরী করতে হবে মর্মে অঙ্গীকার নামা প্রদান করতে হবে। কোন ধরনের মামলায় জড়িতদের আবেদন করার প্রয়োজন নাই।

বিঃ দ্রঃ- নিয়োগ সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত ও শর্ত পরিবর্তনের ক্ষমতা সংস্থা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

“বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইট www.disabd.org তে দেখা যাবে”।